W.B.P. FORM NO. 27

GANGAJALGHATI POLICE STATION * BANKURA *

# FIRST INFORMATION REPORT

1609

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. Bankura Sub-Divn. Bankura P.S. G.Ghati Year 2023 FIR No. 158/23 Date 25.11.23
2. (i) Act IPC Sections 279/304 A (ii) Act ........ Sections ........
   (iii) Act ........ Sections ........ Other Acts & Sections ........
3. (a) General Diary Reference : Entry No. 123E Dtd- 25.11.23 Time 18.15 hrs
   (b) Occurrence of Offence : Day Saturday Date 12.08.23 Time about 18.40 hrs
   (c) Information Received Date 25.11.23 Time 18.15 hrs
   G.D. No. 123E Dt- 25.11.23 At the Police Station:
4. Type of information : Written / Oral Type written.
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. On north side approx 17 km from P.S.
   (a) Address On Barjora - Durlavpur road in between Ghanashyampur and Kalgora near Petrol pump, JL no- 17 GP no- IV Mitynandapur GP
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. ........
   District ........
6. Complaint/Informant :
   (a) Name Banalata Bhuin.
   (b) ~~Father's~~ / Husband's Name Late Dinesh Bhuin
   (c) Date / Year of Birth ........
   (d) Nationality Indian
   (e) Address Vill- Ranipur, P.S- Mejia, Dist- Bankura.
7. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars. (1) The driver of a bus named Shri Krishna whose Reg no is unknown. (2) The driver of a unknown dumper.
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by complaint / informant ........
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) : ........
10. Total value of Properties stolen / Involved : ........
11. Inquest report / U.D. : Case No., If any : G.Ghati PS U/D Case no- 50/23 Dt- 13.08.23
12. FIR Contents : (Attach separate sheet, if required) The original typed complaint of the complainant duly forwarded by Ld CJM(S) Court Bankura is treated as FIR, is attached herewith.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 279/304A IPC

(Signature) 25/11/23

I PSI Anup Ghosh do hereby registered the case and ~~took up the investigation~~ / directed SI Kuntal Kanti Sinha Mill please to take up the investigation transferred to P.S. ........ On point of jurisdiction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

Inspector in Charge Gangajalghati PS Dist.- Bankura

Is on the original complaint.

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

Anup Ghosh PSI 25.11.23

Signature of the officer-incharge, Police Station with
Name : Anup Ghosh
Rank : PSI of Police
Number if any : G.Ghati PS, Dist- Bankura Dt- 25.11.23

FILED
1 0 NOV 2023
BANKURA

In The Court of Ld. Chief Judicial Magistrate, Bankura.

Complain Case No.-…..96……/2023

U/S 156(3) Cr.P.C

বনলতা ভুঁই, স্বামী ৺দীনেশ ভুঁই, গ্রাম রানীপুর, থানা মেজিয়া, জেলা বাঁকুড়া

…………………… বাদী।

( বনাম )

শ্রী কৃষ্ণ নামক বাস (নং বাদীর অজ্ঞাত) ও অজানা ড্রাম্পার, গাড়ী, গুলির চালকদ্বয়

…………………… আসামীগন।

Received on 25.11.23 at 18.15 hrs and started G.Ghati PS Case No-158/23 Dt-25.11.23, u/s-279/304A IPC.

Inspector in Charge
Gangajalghati PS
Dist.- Bankura
25.11.23

**বাদী পক্ষে ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৫৬ (৩) ধারা মতে নালিশ :-**

**ঘটনার স্থান-** বড়জোড়া দুর্লভপুর, পিচরাস্তার ঘনশ্যামপুর ও কলগোড়া গ্রামের মাঝে পেট্রেল পাম্পের সন্নিকট।

**ঘটনার তারিখ ও সময়-** গত ইংরাজী ১২/০৮/২০২৩ তারিখে আনুমানিক সন্ধ্যা ৬.০০ মিঃ নাগাদ।

**নিবেদন এই যে,**

গত ইং ১২/০৮/২০২৩ তারিখে বাদীর স্বামী দীনেশ ভুঁই (বয়স ৪২ বৎসর) পিতা ৺পীতাম্বর ভুঁই, গ্রাম রানীপুর, থানা মেজিয়া, জেলা বাঁকুড়া মোটর সাইকেল নিয়ে ঘুঁটগড়িয়া লালবানী ফেরোঅ্যালয় কারখানা থেকে ডিউটি সেরে বড়জোড়া দুল্লভপুর

CHIEF JUDICIAL MAGISTRATE
FILED
10 NOV 2023
BANKURA



পিচরাস্তা দিয়ে বাড়ী ফিরছিলেন। সন্ধ্যা ৬ টা নাগাদ ঘনশ্যামপুর ও কলগোড়ার মাঝে পেট্রল পাম্পের সামনে বিপরীত থেকে আসা একটি বাস যাহার নাম শ্রীকৃষ্ণ অত্যন্ত বেপোরোয়া ভাবে ও দ্রুতগতিতে এসে বাদীর স্বামীর দিকে চেপে সামনাসামনি ধাক্কা মারে তাহাতে বাদীর স্বামী মোটর সাইকেল থেকে পিচ রাস্তার মাঝে ছিটকে পড়ে যায়। সেই সময় বড়জোড়া থেকে দুল্লর্ভপুর গামী একটি দ্রুতগামী ডাম্পার এসে বাদীর স্বামীকে পিষে দেয়। শ্রী কৃষ্ণ বাস ও ড্রাম্পারটির চালকদের দোষে উপরিলিখিত ঘটনা ঘটিয়াছে এবং বাদীর স্বামীর মৃত্যুর ঘটিয়াছে। বাদীর স্বামীর মরদেহের ময়না তদন্ত জি-ঘাটী থানার মাধ্যমে হইয়াছে। যাহার U.D. Case No. 50/23 dated 13/08/23 বাদী বারংবার জি-ঘাটী থানায় গেলেও তাহারা বাদীর অভিযোগ লইতে অস্বীকার করেন এবং বাদীকে গাড়ীগুলির নাম্বার জোগাড় করিতে বলা হইয়াছিল। বাদী অসহায় মহিলা হওয়ায় তাহার পক্ষে গাড়ী নাম্বার জোগাড় করা কোন ভাবেই সম্ভব হয় নাই। বাদী কোন উপায় না পাইয়া ঘটনার কথা লিখিত ভাবে S.P. Bankura কে গত ইং ৩০/১০/২০২৩ তারিখে জানানোর পরেও অদ্যাবধী কোন মামলা রুজু হয় নাই। সেকারন বাদী হুজুর আদালতের শরনাপন্ন হইতে বাধ্য হইলেন। পুলিশের উপর ভরসা করিবার কারনে হুজুর আদালতে মামলা দাখিল করিতে বিলম্ব হইল। প্রকাশ থাকা আবশ্যক যে যে রাস্তার মধ্যে (বড়জোড়া দুর্লভপুর) দুর্ঘটনা ঘটিয়াছে তাহাতে বহু জায়গায় সি. সি. টি. ভি লাগানো আছে। যেমন বড়জোড়া চৌরাস্তা, ঘটনাস্থলের পাশের পেট্রল পাম্প, দুর্লভপুর মোড়, মেজিয়া টোল গেট এবং গঙ্গাজলঘাটী বাজারে এছাড়াও আরো কিছু জায়গায় সি. সি. টি. ভি লাগানো থাকিতে পারে। যাহাতে I.C. G.Ghati P.S. সঠিক তদন্ত করিয়া শ্রীকৃষ্ণ নামক বাস ও ড্রাম্পারটির নং অনুসন্ধান পূর্বক তাহার তাহার গাড়ীর চালকদের বিরুদ্ধে আইন মোতাবেক ব্যবস্থা গ্রহন করেন তাহার আদেশ দানে মর্জি হয়।

**প্রার্থনা**

উপরোক্ত কারন ও হেতুমুলে উক্ত ঘটনার পরিপেক্ষিতে
যাহাতে উপরোক্ত গাড়ীচালকদের বিরুদ্ধে আইন মোতাবেক

(৩)

উপযুক্ত শাস্তি হয় সেই মর্মে ফৌজদারী কার্যবিধি আইনে ১৫৬ (৩) ধারা মতে অত্র দরখাস্তটি FIR করিবার জন্য G.Ghati থানায় পাঠানো হয় তাহার যথাবিহীত ব্যবস্থা গ্রহনে মর্জি হয়।

CHIEF JUDICIAL MAGISTRATE
FILED
10 NOV 2023
BANKURA

সত্যপাঠ

উপরোক্ত ঘটনা সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

সহি - বনলতা ভুঁই

-: এফিডেবিট :-

আমি বনলতা ভুঁই, স্বামী দীনেশ ভুঁই, বয়স ৩৭ বৎসর, জাতি হিন্দু, গ্রাম রানীপুর, থানা মেজিয়া, জেলা বাঁকুড়া। আমি প্রতিজ্ঞাপূর্বক কহিতেছি যে, উপরোক্ত দরখাস্তের বিবরনসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। কোনো অংশে মিথ্যা নহে। ইহার পূর্বে উপরিলিখিত বিষয় লইয়া কোন আদালতে কোনরূপ মামলা রুজু করি নাই। উপরোক্ত দরখাস্তের বিবরনসমূহ আমার কথা মতো লেখা হইল এবং আমি পড়িয়া ও বুঝিয়া আমার নিজ নাম সহি করিলাম।

সহি - বনলতা ভুঁই

এফিডেবিটকারীকে জানি ও চিনি।

এ্যাডভোকেট, বাঁকুড়া